



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)
২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা -১২০৭
www.nilg.gov.bd



স্মারক নং- ৪৬.১৮.০০০০.০০১.০১.০৮৫.১৩-২১

তারিখ: ১৮ মাঘ ১৪৩২
০১ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

যেহেতু, জনাব মো: কুকন মিয়া, নিরাপত্তা প্রহরী, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) গত ২২.০১.২০২৫ তারিখ দুপুর ১২.১৫টায় নৈমিত্তিক ছুটির আবেদন নিয়ে সাধারণ প্রশাসন শাখায় কেয়ারটেকার জনাব মো: বাবুল আক্তার-এর ১০৯ নং কক্ষ প্রবেশ করে ছুটির আবেদনে সুপারিশ করতে বলেন। কেয়ারটেকার ছুটির আবেদনটি হাতে নিয়ে জনবল স্বল্পতা থাকায় পরের সপ্তাহে ছুটিতে যান বলায় উচ্চস্বরে 'আমার ছুটি লাগবে ছুটি দিতে হবে। ছুটি না দিলে কেয়ারটেকার হিসেবে কীভাবে চাকুরী করেন দেখব, ছুটি না দিলে আমি চাকুরী করবো না, আপনাকেও চাকুরী করতে দিব না' মর্মে কেয়ারটেকারকে হমকি দিয়ে ১০৯ নং কক্ষ থেকে বের হয়ে সাধারণ প্রশাসন শাখার সম্মুখে উচ্চস্বরে চিৎকার করায় তার বিরুদ্ধে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০০-এর ৪০ (খ) প্রবিধান অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে ০১/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয়। গত ০৪.০৩.২০২৫ তারিখে ৪৬.০১৮.০০০০.০০১.০১.০৮৫.১৩.১২৭ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মচারী জনাব মো: কুকন মিয়া ১০.০৩.২০২৫ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং লিখিত জবাবে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ না করায় ন্যায়-বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

০৩। যেহেতু, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, জনাব মো: কুকন মিয়া-এর বিরুদ্ধে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০০-এর ৪০ (খ) প্রবিধান অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

০৪। যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মচারীর জবাব এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় জনাব মো: কুকন মিয়া-এর বিরুদ্ধে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০০-এর ৪০ (খ) প্রবিধান অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় একই প্রবিধানমালার ৪১ (১) (ক) (আ) প্রবিধান মোতাবেক তাকে '১ (এক) বছরের জন্য বেতন বর্ধন স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

চলমান পাতা-০২

০৫। সেহেতু, জনাব মো: কুকন মিয়া, নিরাপত্তা প্রহরী, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট-কে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' এর প্রমাণিত অভিযোগে দোষী সাব্যস্ত করে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০০-এর ৪১ (১) (ক) (আ) প্রবিধান মোতাবেক '১ (এক) বছরের জন্য বেতন বর্ধন স্থগিত রাখা' নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে তিনি উক্ত মেয়াদের কোনো বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদ বেতন বৃদ্ধির জন্য গণনা করা যাবে না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


০১/০২/২০২৬
মো: আব্দুল কাইয়ুম
মহাপরিচালক (গ্রেড-১)

স্মারক নং- ৪৬.১৮.০০০০.০০১.১০.০১৩.২৫-২১/১(১৪)

তারিখ: ১৮ মাঘ ১৪৩২
০১ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। পরিচালক (সকল), এনআইএলজি, ঢাকা;
- ৩। যুগ্মপরিচালক (প্রশাসন ও সমন্বয়), এনআইএলজি, ঢাকা;
- ৪। উপপরিচালক (প্রশাসন ও সমন্বয়), এনআইএলজি, ঢাকা;
- ৫। গ্রন্থাগারিক ও সহকারী পরিচালক (প্র. ও স.) (অতি. দা.), এনআইএলজি, ঢাকা;
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, এনআইএলজি, ঢাকা;
- ৭। প্রকাশনা কর্মকর্তা, এনআইএলজি, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
- ৮। কেয়ারটেকার, এনআইএলজি, ঢাকা;
- ৯। জনাব মো: কুকন মিয়া, নিরাপত্তা প্রহরী, এনআইএলজি, ঢাকা;
- ১০। ব্যক্তিগত নথি;
- ১১। অফিস কপি/ মাস্টার কপি।


মো: হাফিজুর রহমান চৌধুরী
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন ও সমন্বয়)